



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা



বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের জুলাই/২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	মোহাম্মদ ইলিয়াস হোসেন মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	৩১ জুলাই ২০২২
সভার সময়	বেলা ০১:৩০ ঘটিকা
স্থান	জুম প্লাটফর্মে
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের জুলাই/২২ মাসের সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন।

২। মহাপরিচালক মহোদয় পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের মতামত বা অবজারভেশন আছে কিনা জানতে চান। কোন মতামত বা অবজারভেশন না থাকায় সর্বসম্মতিতে গত ২৬-০৬-২০২২ তারিখে অনুষ্ঠিত জুন/২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অপারেশন ও সমন্বয়) কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করেন।

৩। গত ২৬-০৬-২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয় এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী শাখা
ভূবিজ্ঞান সংক্রান্ত			
৩.১।	২০২১-২০২২ অর্থবছরের বহিরংগন সম্পর্কিত আলোচনায় জনাব মোঃ মহিবুল ইসলাম, পরিচালক(ডিলিং প্রকৌ.) বলেন বহিরংগন কর্মসূচির আওতায় পরিচালিত জিডিএইচ-৭৭/২২ শীর্ষক খনন কার্যক্রম সমাপ্ত হয়েছে। খননের সাথে সম্পর্কিত যাবতীয় কার্যক্রম এবং ফরমালিটি শেষ করে যন্ত্রপাতিসমূহ জিএসবি'র বগুড়া অফিসের স্টোরে জমা করে বহিরংগন দল বর্তমানে সদর দপ্তর ঢাকায় স্থায়ী কাজে যোগদান করেছে। জনাব মোঃ আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) বলেন জিডিএইচ-৭৭/২২ খনন হতে সংগৃহীত নমুনাসমূহ বিশ্লেষণের জন্য জিএসবি'র বিভিন্ন পরীক্ষাগার এবং বাহিরের কিছু প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে। বর্তমানে নমুনাসমূহ বিশ্লেষণের কাজ চলছে। এছাড়া প্রাথমিক প্রতিবেদন প্রনয়ণের কাজও চলমান রয়েছে। পরীক্ষাগার হতে নমুনাসমূহের বিশ্লেষণের ফলাফল সময়মত পাওয়া গেলে আশা করা যায় সেপ্টেম্বর, ২০২২ সময়ের মধ্যে প্রতিবেদন প্রনয়ণ সম্ভব হবে। সভাপতি বহিরংগন কাজের বিষয়ে আন্তরিক হওয়ার জন্য বলেন। সংশ্লিষ্ট অন্যান্য শাখা প্রধানগণ বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরের বহিরংগন কর্মসূচির আওতায় সংগৃহীত নমুনাসমূহ বিশ্লেষণসহ প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান আছে।	পরিকল্পনা মোতাবেক ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক বহিরংগন কর্মসূচি সম্পাদন করতে হবে। ২০২১-২০২২ অর্থবছরের বহিরংগন কর্মসূচির প্রতিবেদন যথাসময়ে প্রণয়ন করতে হবে।	পরিকল্পনা ও বাস্তবায়ন শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা
৩.২।	২০২২-২০২৩ অর্থবছরের এপিএ সংক্রান্ত আলোচনায় সভাপতি এপিএ সংশ্লিষ্ট কর্মসূচিসমূহ যথাসময়ে সম্পাদন এবং এপিএ বহির্ভূত কর্মসূচিসমূহ প্রয়োজনীয়তার নিরিখে বিবেচনাপূর্বক খুব বেশি জরুরি না হলে তা পরিহার করার কথা বলেন।	এপিএ লক্ষ্যমাত্র অর্জনে এপিএ টিমসহ সংশ্লিষ্ট সকল কমিটিকে সমন্বিতভাবে কাজ সম্পন্ন করতে হবে।	এপিএ টিম

প্রশাসনিক আলোচনা			
৩.৩।	কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ সংক্রান্ত বিষয়ে জিএসবিতে ২৪ জন কর্মকর্তা নিয়োগের বিষয়ে জনাব আব্দুল বাকী খান মজলিশ, উপমহাপরিচালক বলেন যে, জিএসবিতে কর্মকর্তাদের নিয়োগ বর্তমানে বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ ননক্যাডার প্রার্থী হতে পিএসসির সুপারিশের আলোকে এবং পিএসসির মাধ্যমে সরাসরি নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন করা হয়। পিএসসি/কর্মকর্মিশনের সুপারিশের আলোকে যে সংখ্যক প্রার্থীর নিয়োগ হওয়ার কথা তা সম্ভবত ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে। কাজেই পুরো নিয়োগটাই যাতে বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ ননক্যাডার প্রার্থী হতে সম্পন্ন না হয় এ বিষয়ে খোঁজখবর রাখা প্রয়োজন। সভাপতি পরিচালক অপারেশনকে এ বিষয়ে আলোচনা করার জন্য বলেন।	কর্মকর্তা ও কর্মচারীদের চলমান নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা।	অপারেশন ও সমন্বয় শাখা
বিবিধ আলোচনা			
৩.৪।	Geological Investigation and Setting up of Early warning System for Landslide Hazard Assessment and Management শীর্ষক প্রকল্প বিষয়ে জনাব সালমা আক্তার, পরিচালক (ভূতত্ত্ব) বলেন সংশ্লিষ্ট প্রকল্পে অর্থায়নের জন্য ইআরডি থেকে যে ০৬ টি সংস্থায় পত্র দেয়া হয়েছিল সে সংস্থাগুলো হতে কোন অর্থায়নের কোনো নিশ্চয়তা পাওয়া যায়নি মর্মে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে জানানো হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ বিষয়টি পত্র মারফত জিএসবিতে অবহিত করেছে। এ বিষয়ে সভাপতি বলেন যে, রাজস্ব বাজেটের আওতায় প্রকল্পটি বাস্তবায়ন করা হবে বিধায়, এখন দ্রুততার সাথে ডিপিপি প্রনয়ণের কাজ সম্পন্ন করার জন্য শাখাপ্রধানকে নির্দেশনা প্রদান করেন।		প্রকল্প প্রণয়ন সংশ্লিষ্ট শাখাসমূহ।
৩.৫।	জনাব মোঃ কামরুল আহসান, পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন যে, সরকারি নির্দেশনায় ২০% জ্বালানি এবং ২৫% বিদ্যুৎ সাশ্রয়ের কথা বলা আছে। সে ক্ষেত্রে ২০% জ্বালানি সাশ্রয়ে ২০২২-২০২৩ অর্থবছরের বহিরংগন কর্মসূচীসমূহ রয়েছে সেগুলোর সময়সীমা নির্ধারিত সময়ের চেয়ে কমিয়ে দিতে হবে। এছাড়া, ভ্রমনভাতা অর্থমন্ত্রণালয় কর্তৃক বাড়িয়ে ছাড় করতে না পারলে বহিরংগন কর্মসূচীসমূহও কমিয়ে দিতে হবে মর্মে সভাকে জানান। সভাপতি প্রয়োজনীয়তার নিরিখে কর্মসূচীসমূহের একটি সিডিউল তৈরি করে তার বরাবর উপস্থাপন করার জন্য বলেন। জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) বলেন যে, ২০২২-২০২৩ অর্থবছরে প্রশিক্ষণ ভাতাও কমিয়ে দিয়েছে। সভাপতি বলেন এপিএ'র টার্গেট পূরণের লক্ষ্যে এপিএ অন্তর্ভুক্ত প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে, তবে এক্ষেত্রে প্রশিক্ষণার্থীদের ভাতা বন্ধ রাখা যেতে পারে। সভাপতি এখন থেকে সবাইকে সভা ভার্চুয়ালি করার যাবতীয় প্রস্তুতি গ্রহণের জন্য বলেন।	ক)এপিএ অন্তর্ভুক্ত প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। খ) জ্বালানি সাশ্রয় সংশ্লিষ্ট টার্গেট পূরণ করা।	পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা এবং অপারেশন ও সমন্বয় শাখা।

৪। সভায় আর কোনো আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মোহাম্মদ ইলিয়াস হোসেন
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.০০০.০৬.০০৪.১৮.৩৬

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৯

০৭ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

২) উপ-মহাপরিচালক (ভূতত্ত্ব), উপ-মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৩) জিএসবি'র শাখা প্রধানগণ

৪) পরিচালক (ভূতত্ত্ব) ও প্রকল্প পরিচালক, GeoUPAC, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



মোঃ কামরুল আহসান

পরিচালক (ভূতত্ত্ব)